



আজ লেঃ কর্নেল হায়দারের ৫২তম জন্মজয়ন্তী

মুক্তিযোদ্ধা, ২ নম্বর সেক্টরের
অধিনায়ক লেঃ কর্নেল এটিএম হায়দার
বীরউত্তম-এর ৫২তম জন্মজয়ন্তী আজ।
১৯৪২ সনের ঐদিনে হায়দার তাঁর
পিতার কর্মস্থল কলকাতার ভবানীপুরে
জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক নিবাস
কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ থানার
কান্দাইল গ্রামে। ১৯৭১ সালের
মুক্তিযুদ্ধে ক্যাপ্টেন হায়দার প্রথমে ২নং
সেক্টরের টু-আই-সি (সেকেন্ড ইন্
কমান্ড) ছিলেন। পরে অক্টোবর মাসে
মেজর খালেদ মোশাররফকে 'কে
ফোর্সের' অধিনায়ক করা হলে ক্যাপ্টেন
হায়দার ২ নম্বর সেক্টরের অধিনায়ক
হিসেবে দায়িত্ব লাভ করেন।

তিনি খালেদ মোশাররফ-এর সঙ্গে
তথাকথিত সিপাহী বিদ্রোহীদের হাতে
শহীদ হন। বিজ্ঞপ্তি।